বরিশাল সিটি কর্পোরেশন
নগর ভবন, বরিশাল
(প্রশাসনিক শাখা)
www.barishalcity.gov.bd

স্মারক নং- বিসিসি/প্র:জ:নি:নথি-০১/২৫- ৪০৬

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুলাই ২০২৫খ্রিস্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা'র ২৬ জুন ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০৩.১৯-৫৫৯ নং স্মারকের ছাড়পত্র অনুযায়ী বরিশাল সিটি কর্পোরেশনের অনুমোদিত "বরিশাল সিটি কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা ২০১০" অনুসারে নিম্নবর্ণিত পদসমূহ পূরণকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## দরখাস্ত দাখিলের শর্তাবলী ঃ

| ক্রম. | পদের নাম ও গ্রেড | শূণ্য পদের সংখ্যা | বেতন স্কেল (২০১৫ সনের জাতীয় বেতন স্কেল) | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | স্থপতি-(৯ম গ্রেড) | ০১ | ২২০০০-৫৩০৬০ | ৩২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান থেকে স্থাপত্য স্নাতক ডিগ্রী। |
| ২. | মেডিকেল অফিসার (৯ম গ্রেড) | ০১ | ২২০০০-৫৩০৬০ | ৩২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান থেকে এম.বি.বি.এস ডিগ্রী। |
| ৩. | এস্টিমেটর-(১০ম গ্রেড) | ০৩ | ১৬০০০-৩৮৬৪০ | ৩২ | এস.এস.সি পাশসহ সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী। |
| ৪. | সেবিকা-(১১তম গ্রেড) | ০১ | ১২৫০০-৩০২৩০ | ৩২ | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান থেকে নার্সিং বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমাঃ তবে শর্ত থাকে যে, উচ্চতর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৫. | কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) | ০১ | ১১০০০-২৬৫৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারে অন্যূন ০২ (দুই) বছরের ট্রেড কোর্স পাশ। |
| ৬. | অফিস সহকারী/সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) | ০১ | ১১০০০-২৬৫৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারে অন্যূন ০২ (দুই) বছরের ট্রেড কোর্স পাশ। |
| ৭. | লাইব্রেরী সহকারী (১৪তম গ্রেড) | ০১ | ১০২০০-২৪৬৮০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্যূন ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণ সনদ। |
| ৮. | সার্ভেয়ার (১৪তম গ্রেড) | ০২ | ১০২০০-২৪৬৮০ | ৩২ | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান থেকে সার্ভেয়ার কোর্স পাস; তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৯. | ফার্মাসিস্ট (১৫তম গ্রেড) | ০৩ | ৯৭০০-২৩৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফার্মাসিস্ট কোর্স পাস |
| ১০. | সহকারী এ্যাসেসর (১৫তম গ্রেড) | ০১ | ৯৭০০-২৩৪৯০ | ৩২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১১. | ট্রাক টার্মিনাল কেয়ার টেকার (১৬তম গ্রেড) | ০১ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; |
| ১২. | টেলিফোন অপারেটর (১৬তম গ্রেড) | ০১ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; |
| ১৩. | স্বাস্থ্য সহকারী (১৬তম গ্রেড) | ০১ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ১৪. | টেম্পু চালক (১৬তম গ্রেড) | ০২ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) হালকা যানবাহন চালনার লাইসেন্স; এবং হালকা যানবাহন চালনার অভিজ্ঞতাসম্পন্ন। |
| ১৫. | পেশ ইমাম (১৬তম গ্রেড) | ০১ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে নূনতম ফাজিল পাস; এবং (খ) কোন মসজিদে ইমামতি করার অভিজ্ঞতা। |
| ১৬. | নিরাপত্তা পরিদর্শক (১৬তম গ্রেড) | ০২ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুঠাম দেহের অধিকারী ও ৫'-৬" উচ্চতা; এবং (গ) সংশ্লিষ্ট কাজে ০৫(পাঁচ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতাঃ তবে শর্ত থাকে যে, সামরিক বাহিনী, বাংলাদেশ রাইফেলস, পুলিশ বাহিনী ও আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। আরও শর্ত থাকে যে, উল্লিখিত প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। |

চলমান-

## শর্তাবলী ঃ

০১। প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন বরাবর নির্ধারিত তথ্য সম্বলিত চাকরির দরখাস্ত আগামী **২২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ** তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে। এর পাশাপাশি **২২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ** তারিখের মধ্যে দরখাস্ত ও সকল প্রয়োজনীয় কাগজপত্রের স্ক্যানড কপি (Scanned Copy) পিডিএফ (pdf) ফরম্যাটে ceo.bcc.gov.bd@gmail.com মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যে সকল প্রার্থী উভয় মাধ্যমে (সরাসরি ও ই-মেইল) দরখাস্ত ও প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে সক্ষম হবেন, কেবলমাত্র তাঁদের দরখাস্ত/আবেদন বিবেচনায় নেওয়া হবে। নির্ধারিত তারিখের পরে কোন দরখাস্ত/আবেদন গ্রহণ করা হবে না।

০২। আগ্রহী প্রার্থীদের দরখাস্তে (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স (০২.০৭.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে আবেদনকারীর বয়সসীমা ন্যূনতম ১৮ বছর ও সর্বোচ্চ ৩২ বছর), (জ) শিক্ষাগত যোগ্যতা, (ঝ) জাতীয়তা, (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর, (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ও (ঠ) কোটার তথ্য ইত্যাদি উল্লেখ করতে হবে।

০৩। বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। দাখিলকৃত দরখাস্তের সাথে (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (গ) সিটি কর্পোরেশনের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, (ঙ) জন্ম সনদের সত্যায়িত ফটোকপি, (চ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, এবং (ছ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) দাখিল করতে হবে।

০৫। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। দরখাস্তকারীর পূর্ণ ঠিকানা (যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে চান) ১০/- মূল্যমানের ডাকটিকেট সম্বলিত ০১ (এক) টি ফেরত খামে স্ব-হস্তে লিখিত নিজ ঠিকানা উল্লেখ পূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করে পাঠাতে হবে।

০৭। আবেদনপত্রের খামের উপর স্পষ্ট করে পদের নাম উল্লেখ করতে হবে।

০৮। অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। আবেদনপত্রের সাথে প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন বরাবর ০১, ০২ ও ০৩ নং ক্রমিকের প্রার্থীগণের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা, ০৪ নং ক্রমিকের প্রার্থীগণের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা এবং ০৫ নং থেকে ১৬ নং ক্রমিকের প্রার্থীগণের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করে পাঠাতে হবে।

১১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। যদি কোন প্রার্থী এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

১২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে বরিশাল সিটি কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১০ এবং অর্থ বিভাগের ০৬.০৯.২০১২ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৪৬.০১৫.১২-২০৬ নম্বর স্মারক অনুসরণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে, কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে যাচিত কোন যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। নিয়োগ লাভের পর যে কোন সময়ে প্রার্থী প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে উক্ত কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ):

ক) প্রবেশপত্র (Admit Card)

খ) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি

গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদের মূল কপি (যদি থাকে)

ঘ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ

ঙ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র

ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ।

জ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা, বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১৬। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহন ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।